

**মানুষের কৃতকর্মের দরুন**  
**স্থলে ও সমুদ্রে বিপর্যয়**  
**ছড়িয়ে পড়েছে**

আসসালামু আলাইকুম ওয়া রহমতুল্লাহি ওয়া বারাকাতুহ  
বিসমিল্লাহির রহমানুর রাহীম  
আজকের আলোচনার বিষয়বস্তু হচ্ছেঃ

**মানুষের কৃতকর্মের দরুন স্থলে ও সমুদ্রে বিপর্যয় ছড়িয়ে  
পড়ে।**

পবিত্র কোরআনে ইরশাদ হচ্ছেঃ

সূরা ৩০ রুম, আয়াতঃ ৪১

ظَهَرَ الْفَسَادُ فِي الْبَرِّ وَالْبَحْرِ بِمَا كَسَبَتْ أَيْدِي النَّاسِ لِيُذِيقَهُمْ بَعْضَ الَّذِي  
عَمِلُوا لَعَلَّهُمْ يَرْجِعُونَ (41)

মানুষের কৃতকর্মের দরুন স্থলে ও সমুদ্রে বিপর্যয় ছড়িয়ে পড়ে;  
যার ফলে তাদেরকে তাদের কোন কোন কর্মের শাস্তি তিনি  
আস্বাদন করান যাতে তারা ফিরে আসে।

## তাফসীর ইবনে কাসীর অনুসারে **ظَهَرَ الْفَسَادُ** এর অর্থ

যায়ীদ ইবনে রাফি(রহঃ) **ظَهَرَ الْفَسَادُ** এর অর্থ করেছেনঃ স্থল ভাগের বিপর্যয় দ্বারা উদ্দেশ্য হল বৃষ্টি বন্ধ হয়ে যাওয়া, ফসল ও ফলমূল সৃষ্টি না হওয়া এবং দুর্ভিক্ষ হওয়া। আর সমুদ্রের বিপর্যয় দ্বারা উদ্দেশ্য হল পানিতে থাকা প্রাণীদের বিপর্যয় হওয়া।

ফল বা খাদ্যশস্যের ক্ষতি মানুষের পাপের কারণে হয়ে থাকে। যারা আল্লাহর অবাধ্য তারাই পৃথিবীতে বিপর্যয় সৃষ্টি করে। কারণ আসমান ও যমীনের স্বাভাবিক অবস্থা আল্লাহর ইবাদত ও আনুগত্যের দ্বারা হয়ে থাকে।

## আবু দাউদ শরীফ হাদীস নং ৮/৭৫

যমীনে একটি হৃদ(পাপের শক্তি) কায়েম হওয়া যমীন বাসীর উপর বর্ষিত ৪০ দিনের বৃষ্টি অপেক্ষা উত্তম। এটা এ কারণে যে, হৃদ(পাপের শক্তি)হলে পাপীরা পাপকাজ হতে বিরত থাকবে। আর দুনিয়ায় যখন পাপকাজ বন্ধ হয়ে যাবে তখন দুনিয়াবাসী আসমান ও যমিনের বারাকাত লাভ করবে।

## তিরমিযী শরীফ হাদীস নং ২০১৩ হাদীসটি হাসান

ফাজের বা পাপাচারী লোকদের ব্যাপারে হাদীসে উল্লেখিত হয়েছে যে, তাদের মৃত্যুর কারণে শহরের লোকজন, গাছপালা, জীবজন্তু ইত্যাদী সবাই শান্তিলাভ করে থাকে।

### আহমদ শরীফের হাদীস নং ২/২৯৬

আবু কাহযম (রাঃ) হতে বর্ণিত, যীযাদ অথবা ইবনে যিয়াদের আমলে একটি থলে পাওয়া গিয়েছিল যাতে খেজুরের বড় আটির মত গমের দানা ছিল তাতে লিখা ছিলঃ এটা ঐ সময় উৎপন্ন হত যখন ন্যায়-নীতি বিদ্যমান ছিল।

لَعَلَّهُمْ يَرْجِعُونَ সম্ভবত তারা ফিরে আসবে

আল্লাহ তা'য়লা মানুষের কোন কোন কর্মের শাস্তি আঙ্গাদন করান যাতে তারা ফিরে আসে, যেমন সম্পদের ক্ষতি, ফল-ফসলের ক্ষতি অথবা জীবনের ক্ষতি ইত্যাদি।

প্রিয় ভাই ও বোনেরা, আল্লাহ তা'য়লা চান তওবা, ইস্তেগফার করে তাঁর পথে ফিরে আসি। পাপ কাজ, জুলুম-নির্যাতন, অশান্তি সৃষ্টি, ও বিপর্যয়

সৃষ্টি করা, আমরা পরিহার করি। দুনিয়ার শাস্তি লঘু শাস্তি। এই লঘু শাস্তি দ্বারা আল্লাহ তা'য়লা আমাদেরকে সঠিক পথে ফিরিয়ে আনার চেষ্টা করেন। যদি আমরা ফিরে না

আসি, তবে পরকালে চিরস্থায়ী আযাব আমাদেরকে ভোগ করতে হবে। আল্লাহ আমাদেরকে হেদায়েত দান করুন।

আমীন।

আসসালামু আলাইকুম ওয়া রহমতুল্লাহি ওয়া বারাকাতুহ।

.....